

ডেঙ্গু মোকাবিলায় নজরদারি এবার পুলিশেরও

সংশ্লিষ্ট সব দপ্তরের কর্মী ও

আধিকারিকদের ছুটি বাতিল

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: স্বাস্থ্যের পাশাপাশি পঞ্চায়েত, পুর ও সেচ দপ্তর ছিলই—ডেঙ্গু নিয়ন্ত্রণে এবার নামছে পুলিশও। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে সোমবার মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী দফায় দফায় বৈঠক করেন। প্রথমে কয়েকটি জেলা এবং তারপর সমস্ত জেলাশাসকের সঙ্গে ভারুয়াল বৈঠক করেন তিনি। সিদ্ধান্ত হয়—ডেঙ্গুর প্রকোপ নিয়ন্ত্রণে পুলিশকেও কাজে লাগাতে হবে। জমা জল বা আবর্জনা পরিষ্কারে টানা গাফিলতির দিকটিতে তারাও নজর রাখবে। প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পুলিশও সাহায্য করবে। এরই পাশাপাশি ডেঙ্গু মোকাবিলায় যুক্ত সংশ্লিষ্ট সমস্ত কর্মী ও অফিসারের ছুটি পরিস্থিতির উন্নতি না-হওয়া পর্যন্ত বাতিল ঘোষিত হয়েছে।

ডেঙ্গু মোকাবিলায় সরকার এদিন ১৫ দফা নির্দেশ জারি করেছে।

স্বাস্থ্যদপ্তর জানিয়েছে, বিভিন্ন জেলায় আশঙ্কাজনক ডেঙ্গু রোগীদের চিকিৎসায় যুক্ত ডাক্তারদের পরামর্শ দিতে অনলাইনে থাকবেন বিশেষজ্ঞরা। জেলা ও স্বাস্থ্যজেলা মিলিয়ে রাজ্যের ২৭টি জায়গার জন্য ৩৭ জন নামী বিশেষজ্ঞ ডাক্তারকে এই দায়িত্ব দেওয়া হয়েছে। জেলা, মহকুমা, সুপারস্পেশালিটি, স্টেট জেনারেল, বিপিএইচসি এবং শয্যাযুক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির ডাক্তারদের পরামর্শ দেবেন তাঁরা।

এদিন প্রথমে সকাল ১১টায় দুই ২৪ পরগনা, হাওড়া এবং হুগলি নিয়ে বৈঠক করেন মুখ্যসচিব। তারপরই সমস্ত জেলাশাসককে নিয়ে ভারুয়াল বৈঠক করেন তিনি। ছিলেন স্বরাষ্ট্র এবং স্বাস্থ্যসচিবও। সিদ্ধান্ত হয়েছে—ডেঙ্গু রোগীদের চিকিৎসায় নজরদারি করতে যেকোনও সময় সরকারি বা বেসরকারি হাসপাতাল পরিদর্শন করবে জেলা

পর্যবেক্ষক দল। ডেঙ্গু কবলিত পুর ওয়ার্ডগুলির কাউন্সিলারদের সঙ্গে বৈঠক করে ব্যবস্থাগ্রহণ সুনিশ্চিত করবেন জেলাশাসকরা। ডেঙ্গু হটস্পটগুলিতে রাজ্যজুড়ে চলবে বিশেষ অভিযান।

নির্মাণকাজের স্থান, বাতিল জিনিসপত্র, ফাঁকা জমি ইত্যাদির পরিষ্কার-পরিচ্ছন্নতায় বিশেষ জোর দিতে হবে। বিশেষ গুরুত্ব পাবে হাসপাতাল, বাজার এবং শহরতলিতে মশাদমনের কাজ।

নিয়ম মেনে না-চললেই ফাঁকা প্লটের মালিকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। ডেঙ্গু নিয়ন্ত্রণে প্রশিক্ষণ দিতে হবে পঞ্চায়েত সদস্যদের। হটস্পটসহ সমস্ত বস্তিতে মশারি বিতরণ করা হবে। সমস্যাসকুল এলাকাগুলিতে ফিভার ক্লিনিক ও ডেঙ্গু নির্ণয় ব্যবস্থা সর্বক্ষেত্রের জন্য চালু থাকবে।